অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ম্যানহাটনের ইনউড টাওয়ারে সামর্থ্যের মধ্যে মূল্য সংরক্ষণের জন্য গভর্নর হোকলের চুক্তি সম্পাদনের ঘোষণা

স্টেটের আবাসন পরিকল্পনা 22,000 এরও বেশি মিচেল-লামা বাড়িকে সুরক্ষিত রেখেছে

2052 সাল পর্যন্ত ইনউড টাওয়ারকে 190টি পরিবারের জন্য সামর্থ্যের মধ্যে রাখা হবে, বৃহৎ মূলধনগত উন্নয়ন নিরাপত্তা ও জ্বালানি দক্ষতা উন্নত করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ম্যানহাটনের ওয়াশিংটন হাইটস এলাকায় অবস্থিত একটি মিচেল-লামা কোঅপারেটিভ উন্নয়ন প্রকল্প, ইনউড টাওয়ারে 190টি পরিবারের জন্য আগামী 30 বছর পর্যন্ত সামর্থ্যের মধ্যে রাখার বিষয়টি সংরক্ষণের জন্য একটি চুক্তি ঘোষণা করেছেন। এই চুক্তির অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) 7.6 মিলিয়ন ডলারের একটি ভর্তুকি ঋণ প্রদান করবে যা দিয়ে কোঅপারেটিভ সংস্থাটি বড় ধরনের জরুরি মেরামতের কাজ সম্পন্ন করতে সক্ষম হবে। আজকের ঘোষণার মধ্য দিয়ে এখন পর্যন্ত স্টেট এটির পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনার অংশ হিসেবে 22,000 মিচেল-লামা অ্যাপার্টমেন্টকে নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের সামর্থ্যের মধ্যে রেখেছে।

"মহামারী চলাকালীন সময়ে যখন নিউ ইয়র্ক স্টেট আবাসন সংকট মোকাবেলার পদক্ষেপ গ্রহণ করছে, এই চুক্তি আবাসন সুবিধা ক্রমশ সামর্থ্যের বাইরে চলে যেতে থাকা একটি এলাকায় একটি সাশ্রয়ী আবাসন কমিউনিটিকে অতি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে সুরক্ষিত রাখবে," **বলেছেন গভর্নর হোকল।** "পরবর্তী প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পগুলো যাতে একটি নিরাপদ ও সাশ্রয়ী আবাসন সংস্থান হিসেবে বিদ্যমান থাকে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেটব্যাপী এসব প্রকল্প সংরক্ষণ ও উন্নত করা অব্যাহত রাখবে।"

ইনউড টাওয়ার হলো নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদেরকে সাশ্রয়ী আবাসনের মালিক হওয়ার সুযোগ করে দেওয়ার জন্য 1963 সালে নির্মিত স্টেটের পরিচালনাধীন একটি মিচেল-লামা হাউজিং কোঅপারেটিভ। চুক্তির অংশ হিসেবে, ইনউড টাওয়ার ইনক. (Inwood Tower Inc.) কমপক্ষে আগামী 30 বছর পর্যন্ত মিচেল-লামা কর্মসূচির আওতাধীন থাকতে অঙ্গীকারবদ্ধ হয়েছে।

2052 সাল পর্যন্ত ইনউড টাওয়ারের 190টি সাশ্রয়ী বাড়ি সংরক্ষণ করার পাশাপাশি এই চুক্তি বড় ধরনের গুরুত্বপূর্ণ উন্নয়নের পথও সুগম করবে। এসব উন্নয়নের মধ্যে এলিভেটর মেরামত, ছাদ

প্রতিস্থাপন, গ্যাস লাইন মেরামত, বয়লার ও সংশ্লিষ্ট পাইপিং প্রতিস্থাপন, রেডিয়েটর প্রতিস্থাপন, এবং আস্তরণ ও ইটের অংশ সংস্কার করা অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এসব মেরামত কাজের মধ্যে বেশ কিছু জ্বালানি দক্ষতামূলক পদক্ষেপ অন্তর্ভুক্ত রয়েছে যা এই কোঅপারেটিভের ব্যয় কমিয়ে আনবে।

HCR-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "ইনউড টাওয়ারের 190টি অ্যাপার্টমেন্টকে সাশ্রয়ী আবাসনের মালিক হওয়ার সুযোগ প্রদানের জন্য সংরক্ষণ করার পাশাপাশি ভবনটির পুরোনো হয়ে যাওয়া সিস্টেমগুলো আপগ্রেড করা এবং জ্বালানি দক্ষতা উন্নয়নের জন্য সম্পাদিত এই চুক্তি নিয়ে আমরা গর্বিত। নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদেরকে তাদের পছন্দের এলাকায় একটি মানসম্মত আবাসনের মালিক হওয়া বা ভাড়া নেওয়ার ক্ষেত্রে সাহায্য করার জন্য স্টেটের মিচেল-লামা কর্মসূচি তৈরি করা হয়েছিল। গত পাঁচ বছরে 22,000 এরও বেশি ভাড়াটিয়া ও কোঅপারেটিভ মিচেল-লামা বাড়ি সংরক্ষণের মাধ্যমে আমরা স্টেটব্যাপী বর্তমান ও ভবিষ্যতের হাজার হাজার অধিবাসীর জন্য এই কর্মসূচির প্রতিশ্রুতি সম্প্রসারণ করেছি এবং কঠোর পরিশ্রমী পরিবার ও প্রবীণদের জন্য নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে অ্যাক্সেসযোগ্য রাখতে সাহায্য করেছি।"

ইনউড টাওয়ার কোঅপারেটিভ বোর্ডের (Inwood Tower Cooperative Board) প্রেসিডেন্ট আইলিন কিং বলেন, "ইনউড টাওয়ারের কোঅপারেটররা এটি স্বীকার করেন যে মিচেল-লামা কর্মসূচির মাধ্যমে আমরা একীভূত ও বৈচিত্র্যময় ন্যায্য আবাসনের সুবিধা উপভোগ করতে পারছি। এই ঋণ কাজে লাগিয়ে ইনউড টাওয়ার আমাদের আনুমানিক 60 বছরের পুরোনো ভবনের জন্য প্রয়োজনীয় বড় ধরনের মেরামতের কাজ সম্পন্ন করতে এবং নতুন পরিবেশগত শর্তাবলি মেনে চলতে সক্ষম হবে এবং একই সাথে আগামী কয়েক দশকের জন্য সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি বজায় রাখতে পারবে। পরিবারগুলোকে যাতে তাদের আয়ের বেশিরভাগ অংশ আবাসন সংক্রান্ত ব্যয়ের জন্য খরচ করতে না হয় সেজন্য তাদের উপর থেকে ভাড়ার বোঝা কমানোর জন্য হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল মিচেল-লামা আবাসন কর্মসূচির অঙ্গীকারবদ্ধতা অব্যাহত রেখেছে।"

সিনেটর রবার্ট জ্যাকসন বলেন, "ক্রমশ মূল্য বৃদ্ধি পেতে থাকা এই আবাসন বাজারে সামনের সময়গুলোতে ইউনিটগুলোর সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য কোনো প্রক্রিয়ার ব্যবস্থা না করে সাশ্রয়ী আবাসন বা অ্যাপার্টমেন্ট থাকা আবশ্যক করাটা খুব বেশি উপকারী হবে না। আর আজ, সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি সংরক্ষণের জন্য সম্পাদিত এই চুক্তির সুবাদে, আগামী 30 বছরের জন্য মিচেল-লামা কোঅপারেটিভ ডেভেলপমেন্টে অবস্থিত ইনউড টাওয়ারে 190টি পরিবারের জন্য সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি সংরক্ষণ করা হবে। বিদ্যমান সাশ্রয়ী আবাসন সংরক্ষণ করাটা বাসস্থান থেকে স্থানচ্যুত হওয়া প্রতিরোধ করার মাধ্যমে ওয়াশিংটন হাইটস এলাকার বাড়ির মালিক হিসেবে কয়েক প্রজন্মের পরিবারের উপর স্থায়ী ইতিবাচক প্রভাব ফেলবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডি লস সান্টোস বলেন, "সাশ্রয়ী আবাসনের অভাব এমন একটি সংকট যা আমাদেরকে প্রতিদিন মোকাবেলা করতে হয়। মিচেল-লামা কর্মসূচির আওতাধীন ইনউড টাওয়ার সংরক্ষণের জন্য এবং আগামী বছরগুলোতে আমাদের প্রতিবেশীদের তাদের

নিজ বাড়িতে বসবাস করার সুযোগ দেয়ার জন্য অতি গুরুত্বপূর্ণ মেরামতের কাজ সম্পন্ন করার জন্য গভর্নর হোকলের এই প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। 72তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের অধিবাসীদের জন্য মিচেল-লামা কর্মসূচির সুযোগ-সুবিধা সম্প্রসারণের জন্য আমি গভর্নর হোকলের সঙ্গে আমার কাজ অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন, "সংরক্ষিত হওয়া প্রতিটি মিচেল-লামা ইউনিট ভাড়াটিয়াদের জন্য একটি বিজয় এবং সাশ্রয়ী আবাসনের জন্য লড়াইয়ের পথে অর্জিত অগ্রগতি। সাশ্রয়ী আবাসনের জন্য ভবনের অবস্থার অবনতি ঘটার সাথে আপোষ করতে হওয়াটা কাম্য নয়, এবং ইনউড টাওয়ারের জন্য স্টেটের এই ঋণ ভাড়াটিয়াদের জন্য উন্নত এলিভেটর ও ইউটিলিটি পাওয়ার জন্য যাতে ভবনটিকে মিচের-লামা কাঠামো বর্জন করতে না হয় তা নিশ্চিত করবে। আগামী কয়েক দশক ধরে সিটির সাশ্রয়ী আবাসন বজায় রাখার জন্য স্টেটের পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনা কিভাবে সাহায্য করছে এটি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত।"

সিটি কাউন্সিলের সদস্য কারমেন ডে লা রোজা বলেন,"ইনউড হলো সংস্কৃতি, কমিউনিটি, ও সমৃদ্ধ ইতিহাসের একটি মিলনস্থল। আমাদের অবশ্যই নিম্ন ও মধ্যম আয়ের অধিবাসীদেরকে বাসস্থান থেকে স্থানচ্যুত হওয়া থেকে রক্ষা করা ও সুরক্ষিত রাখার জন্য সতর্ক থাকতে হবে এবং কাজ করে যেতে হবে। এই পরিকল্পনা জরুরি উন্নয়নগুলো সম্পন্ন হওয়া নিশ্চিত করার পাশাপাশি একই সময়ে ইনউড টাওয়ারকে নিজেদের ঠিকানা বানিয়ে নেওয়া ভাড়াটিয়াদের সুরক্ষিত রাখবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন